

## হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১২২

১/ ঈমান

পরিচ্ছেদঃ তকদীরের প্রতি ঈমান

আরবী

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَرَادَ اللَّهُ أَنْ يَخْلُقَ النُّطْفَةَ خَلَقًا قَالَ مَلِكُ الْأَرْحَامِ مَعْرُضًا أَيَّ رَبِّ أَشَقِيٍّ أَمْ سَعِيدٍ؟ أَدَكَرٌّ أَمْ أُنْثَى أَيُّ رَبِّ أَحْمَرُ أَمْ أَسْوَدُ فَيَقْضِي اللَّهُ أَمْرَهُ ثُمَّ يَكْتُبُ بَيْنَ عَيْنَيْهِ مَا هُوَ لَاقٍ مِنْ خَيْرٍ أَوْ شَرٍّ حَتَّى النَّكْبَةِ يَنْكِبُهَا

বাংলা

(১২২) আব্দুল্লাহ বিন উমার (রাঃ) কর্তৃক বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহ যখন কোন (মানব) প্রাণ সৃষ্টি করার ইচ্ছা করেন, তখন মাতৃগর্ভে নিযুক্ত ফিরিশতা আরজ করেন, 'হে প্রভু! পুরুষ, না স্ত্রী?' সুতরাং আল্লাহ নিজ ফায়সালা বহাল করেন। অতঃপর বলেন, 'হে প্রভু! দুর্ভাগ্যবান, না সৌভাগ্যবান?' সুতরাং আল্লাহ নিজ ফায়সালা বহাল করেন। অতঃপর তার দুই চোখের মাঝখানে তা লিখে দেন, যার সে সম্মুখীন হবে; এমনকি সেই মুসীবতও লিখে দেওয়া হয়, যা তাকে ক্লিষ্ট করবে।

ফুটনোট

(ইবনে হিব্বান ৬১৭৮, আবু ইয়া'লা ৫৭৭৫, মাজমাউয যাওয়ায়েদ ৭/১১২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=62886>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন